



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নম্বর : ৪৬.০০.২৭০০.০৪২.১৪.১৩৫.২০.৫৫

তারিখ: ২৫ পৌষ ১৪২৯  
০৯ জানুয়ারি ২০২৩

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থবছরে দিনাজপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: জেলা পরিষদ, দিনাজপুর এর স্মারক জেপদি/চার-৪/২০২২-২৩/৭৩৫, তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২২।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে চলতি ২০২২-২৩ অর্থবছরে দিনাজপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৮১৭.৫০ লক্ষ (আট কোটি সতের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৮২টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবের সাথে ১, ৬, ৭, ৯, ১০, ১১, ১৩, ১৪, ১৫ ও ১৬ নং ক্রমিকে বর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রেরণ করা হয়নি। অপরদিকে, ক্রমিক ৮-এ প্রস্তাবিত 'দীপ্ত জীবন হাসপাতাল, কাহারোল, দিনাজপুর' এ কী কার্যক্রম গ্রহণ করা হবে তা প্রস্তাবে উল্লেখ করা হয়নি। হাসপাতালের রেজিস্ট্রেশন, মালিকানা, সেবামূল্য, বিগত ৫(পাঁচ) বছরে উক্ত হাসপাতালে অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়ে থাকলে, এর পূর্ণাঙ্গ তথ্য পর্যালোচনা করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, ১, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১৩, ১৪, ১৫ ও ১৬ নং ক্রমিকে বর্ণিত প্রকল্প সম্পর্কিত উল্লিখিত তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। পাশাপাশি, উক্ত ১১টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৮২-১১)=১৭১টি প্রকল্প ৪৩৬.৫০ লক্ষ (চার কোটি ছত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**শর্তাবলী:**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

  
এস এম নজরুল ইসলাম

উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, দিনাজপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।